সংবাদ

তারিখ 24 OCT 2007
পৃষ্ঠা ৯ কলাম ৪

এইচএসসি

# রেজিস্ট্রেশন করতে না পেরে সিলেটে পরীক্ষা দিতে পারছে না প্রাইভেট শিক্ষার্থীরা

সিলেট অফিস

যথাসময়ে রেজিস্ট্রেশন করতে না পেরে সিলেটে এইচএসসি প্রাইভেট পরীক্ষার্থীরা বিপাকে পড়েছেন। তারা আগামী এইচএসসি পরীক্ষায় অংশ নিতে পারছে না। বিগত বছরগুলোর রুটিন অনুসরণ না করে রেজিস্ট্রেশন করার সময়সীমা এগিয়ে নেয়ায় এ অবস্থার সৃষ্টি হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। ফলে অনেক চাকরিজীবি পরীক্ষার্থী তাদের ভবিষ্যৎ নিয়ে দিশেহারা হয়ে পড়েছেন।

শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ বলেছে, এ বিষয়ে তাদের করার কিছু নেই। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী রেজিস্ট্রেশনের সময়সীমা এগিয়ে নেয়া হয়েছে। যার যাবতীয় কাজ ইতিমধ্যে শেষ হয়ে গেছে। আর কোন পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন করার কোন সুযোগ নেই। সিলেট শিক্ষা বোর্ড সংশ্লিষ্ট সূত্র জানায়, প্রতি বছর নভেম্বর মাসে এইচএসসি প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন করা হয়। চারটি কলেজের অধীনে এসব পরীক্ষার্থী পরীক্ষা দেয়। এসব কেন্দ্রগুলো হচ্ছে সিলেট এমসি বিশ্ববিদ্যালয় কলেজ, মৌলভীবাজার সরকারি কলেজ, হবিগঞ্জ বৃন্দাবন সরকারি কলেজ ও সুনামগঞ্জ সরকারি কলেজ।

কিন্তু এবার অতীতের নিয়ম অনুসরণ না করে রেজিস্ট্রেশন করার তারিখ ঘোষনা করা হয়েছে। এ তারিখ ছিল ২৯ আগস্ট থেকে ২৫ সেপ্টেম্বর পর্যন্ত। এ ঘোষনাটি সংশ্লিষ্ট চারটি কেন্দ্র কর্তৃপক্ষকে জানিয়ে দেয়া হয়। সেই সঙ্গে স্থানীয় কয়েকটি পত্রিকায় ঘোষনা দেয়া হয় রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়ে।

স্থানীয় পত্রিকায় এবং কেন্দ্রগুলোতে ঘোষণা সীমাবদ্ধ থাকায় অনেক প্রাইভেট পরীক্ষার্থীর অগোচরে থেকে যায় বিষয়টি। বিশেষ করে সুনামগঞ্জ, হবিগঞ্জ এবং মৌলভীবাজারের অনেক পরীক্ষার্থীই বিষয়টি জানতে পারেনি। অজ্ঞাত পরীক্ষার্থীরা গত কয়েক দিন যাবত যোগাযোগ শুরু করে সিলেট শিক্ষা বোর্ডের সঙ্গে। তাদের ধারণা ছিল, সামনে নভেম্বর মাসে এইচএসসি প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন হবে। এ ধারণা থেকে শিক্ষার্থীরা যোগাযোগ করলে শিক্ষাবোর্ড থেকে জানিয়ে দেয়া হচ্ছে ২৫ সেপ্টেম্বরের মধ্যেই রেজিস্ট্রেশন মেয়াদ শেষ হয়ে গেছে।

এতে বিপাকে পড়েছে শিক্ষার্থীরা, বিশেষ করে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনেক শিক্ষক এই নিয়মের কারনে বিপর্যস্ত হয়ে পড়েছেন। কারন, তারা এবার পরীক্ষা না দিতে পারলে চাকরি জীবনে বড় ধরনের অন্তরায় হয়ে দাঁড়াবে।

মঙ্গলবার সিলেট শিক্ষা বোর্ডে এসেছিলেন এ ধরনের এক শিক্ষক। তার বাড়ি মৌলভীবাজার জেলায়। নাম প্রকাশে অনিচ্ছুক এই শিক্ষক জানান, এসএসসি পাস করার পরই এক বছর আগে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে তার চাকরি হয়েছে।

সরকারের নিয়ম রয়েছে এসএসসি পাস শিক্ষকদের অবশ্যই এইচএসসি পাস করতে হবে, এজন্য তিনি যথারীতি প্রস্তুতি নিয়ে ছুটি মঞ্জুর করিয়েছেন। নভেম্বর মাস থেকে তার ছুটি শুরু হবে। তিনি জানতেন নভেম্বর মাসেই এইচএসসি প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন হয়। সে জন্য তিনি গতকাল ওই বিষয়ে খবর নিতে এসেছিলেন সিলেট শিক্ষা বোর্ডে।

কিন্তু বোর্ড কর্তৃপক্ষ তাকে জানিয়ে দিয়েছে ২৫ সেপ্টেম্বর ওই পরীক্ষার রেজিস্ট্রেশনের সর্বশেষ তারিখ ছিল, গতকাল এ ব্যাপারে সিলেট শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ড. এসএম আব্দুল খালেক বলেন, এইচএসসি প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন শেষে তাদের যাবতীয় কাগজপত্র ঢাকায় পাঠিয়ে দেয়া হয়েছে। সরকারের সিদ্ধান্ত অনুযায়ীই এ কাজ সম্পন্ন হয়েছে বলে তিনি জানান। এখন অন্য কোন পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন করার কোন সুযোগ নেই। তিনি বিষয়টি যথাযথ প্রচার করা হয়েছিল বলেও জানান।